ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৬....

FEB. 06 2002

# ঢা.বি উইমেন স্টাডিজ বিভাগে অত্যাধুনিক রিসোর্স সেন্টার হচ্ছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন স্টাডিজ বিভাগ এবং আয়ারল্যান্ডের কুইন্স ইউনিভার্সিটির সেন্টার ফর উইমেন স্টাডিজ লিংক প্রোগ্রামের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন স্টাডিজ বিভাগে অত্যাধুনিক রিসোর্স সেন্টার স্থাপন এবং ছাত্র-শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের সভাকক্ষে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে কুইন্স ইউনিভার্সিটির সেন্টার ফর উইমেন স্টাডিজ-এর পরিচালক ড. মার্টিন হিল এ কথা জানান।

ড. মার্টিন হিল জানান, লিংক প্রোগ্রামের আওতায় এই প্রথমবারের মতো ইন্টারনেট প্রযুক্তি ব্যবহার করে অনলাইন কনফারেন্সিংয়ের মাধ্যমে বিশেষ ক্লাসের ব্যবস্থা করা হবে, যার মাধ্যমে এই বিভাগের ছাত্রছাত্রীরা সরাসরি কুইন্স ইউনিভার্সিটির শিক্ষকদের লেকচার ক্লাসে অংশ নিতে পারবেন।

এই লিংক প্রোগ্রামের আওতায় বিভিন্ন কার্যক্রমে অংশ নিতে গত ২১ জানুয়ারি কুইন্স ইউনিভার্সিটির ৩ সদস্যের একটি দল বাংলাদেশে আসেন।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ঢা.বি উইমেন স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন ড. নাজমা চৌধুরীসহ বিভাগের অন্য শিক্ষকরা।